



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট
ফেনী।
অধ্যক্ষের কার্যালয়

বিষয়ঃ ২০২৪-২৫ নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ শেখ মুস্তাফিজুর রহমান
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট, ফেনী

সভার সময় ও তারিখঃ ২৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রি., সকাল ১১:০০ টা
স্থানঃ কনফারেন্স রুম (প্রশাসনিক ভবন)


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব ২০২৪-২৫ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রমভিত্তিক বিবরণ উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয় (১)	আলোচনা (২)	সিদ্ধান্ত (৩)	বাস্তবায়ন (৪)
১. প্রাথমিক ব্যবস্থা			
১.১। নৈতিকতা কমিটির সভা	প্রতি কোয়ার্টারের শুরুতেই ঐ কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা আহ্বান করার বিষয়ে আলোচনা হয়।	পরবর্তী নৈতিকতা কমিটির সভা ২য় কোয়ার্টারের অক্টোবর/নভেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।	অত্র প্রতিষ্ঠানের নৈতিকতা কমিটি
১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	২০২৪-২৫ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ২য়/৩য়/৪র্থ কোয়ার্টারে ২টি সভার আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	অংশীজনের অংশগ্রহণে ছাত্র-ছাত্রী, অভিভাবক ও কর্মচারীদের অন্তর্ভুক্ত করে রিসোর্স পারসন সহ ২টি সভার সময় নির্ধারণ করতে হবে।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ	২০২৪-২৫ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীর জন্য ২য়/৩য়/৪র্থ কোয়ার্টারে ১টি শুদ্ধাচার প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের মনোনয়ন সহ রিসোর্স পারসনের নাম অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণের জন্য সময় নির্ধারণ করতে হবে।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি ও ইন-হাউজ ট্রেনিং কর্মকর্তা
১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুজ অকেজো মালামাল নিষ্পত্তিকরণ /পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)	উন্নত কর্ম-পরিবেশঃ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ করার বিষয়ে আলোচনা হয়।	উন্নত কর্ম-পরিবেশ তৈরির লক্ষ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে। ৪র্থ শ্রেণির কর্মচারীদের প্রাপ্যতা অনুযায়ী দাপ্তরিক পোষাক প্রদানের সময় নির্ধারণ করতে হবে।	নিরাপত্তা কর্মকর্তা ও কেয়ারটেকার
২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার			
২.১ ২০২৪-২৫ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	২০২৪-২৫ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ০১/০৮/২০২৪ তারিখে অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ করা হয় এবং তা দৃশ্যমান রাখার বিষয়ে আলোচনা হয়।	নির্ধারিত সময় ০১/৭/২০২৪ তারিখে প্রকাশিত না হওয়ার কারণ খতিয়ে দেখতে হবে এবং ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে দৃশ্যমান থাকতে হবে।	ই-জিপি কর্মকর্তা, তথ্য অধিকার কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, কম্পিউটার টেকনোলজি।


৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম

৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ	এ প্রতিষ্ঠানের বিভিন্ন শাখা থেকে সেবা গ্রহীতা দের বিবরণ রেজিস্টারভুক্ত করণের আলোচনা হয়।	সেবার বিবরণ ও সেবা গহীতার মতামত সংরক্ষণ করতে হবে	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
--	--	--	--

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


28.9.24

Md. Fazole Rabbi
Instructor (Computer)
Feni Polytechnic Institute
Feni.


28.9.24

Tareq Mahmud
Junior Instructor (Mathematics)
Feni Polytechnic Institute, Feni


28.9.24

(শেখ মুস্তাফিজুর রহমান)
অধ্যক্ষ(অতিরিক্ত দায়িত্ব)
ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট, ফেনী।